# জাতীয় ক্রীড়া পরিষদ

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০

Website: http://nsc.gov.bd

(পরিবহন শাখা)

পণ্যের বিবরণ:

জাতীয় ক্রীড়া পরিষদের গাড়ি নং-ঢাকা মেট্রো-ঘ-১৫-১০৮৩ (জীপ) এর ইঞ্জিন ওভারহোলিংসহ মেরামত কাজের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ/মালামাল (সংযুক্ত তালিকা অনুযায়ী ২৯ টি আইটেম) ক্রয় এর জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র

কোটেশন নম্বরঃ জাক্রীপ/প্রশা/পরি/১০৮৩/ ১৪৮৮ তারিখঃ ২৩/০৬/২০২৫

প্রতি

মেসার্স ................................................

ঠিকানা: ................................................

................................................................

১. জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা কর্তৃক এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম এর মাধ্যমে তারিখ: ২৫-০৬-২-২৫ খ্রিঃ ০১:০০ ঘটিকার সময় বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে " জাতীয় ক্রীড়া পরিষদের গাড়ি নং-ঢাকা মেট্রো-ঘ-১৫-১০৮৩ (জীপ) এর মেরামত কাজের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ/মালামাল (তালিকা অনুযায়ী) -এর জন্য কোটেশন এবং তারিখ: ২৫-০৬-২-২৫ খ্রিঃ ০১:০০ ঘটিকা এর আগে খোলা যাবে না'' লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৩০(ত্রিশ) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১০. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

CamScanner

LIMITED

১২. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ০৩ (তিন) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে জারী করতে হবে।

১৭. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কমকর্তার স্বাক্ষর

(মোঃ আজমুল হক)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৬২/৩, পুরানা পল্টন
ঢাকা-১০০০।

অনুলিপি:

১। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
২। পরিচালক (অর্থ), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা
৩। প্রশাসক, জাতীয় স্টেডিয়াম/মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ
৪। সহকারী প্রোগ্রামার, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা এনএসসি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৫। নোটিশ বোর্ড
৬। দাপ্তরিক নথি।

CamScanner